



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Answer Worksheet - 5
Class : 2

Subject : Bengali Text
Topic : শিকারী মানুষের যুগ

Date : 08.05.2020

১) অর্থ লেখ।

- ক) আদিম — প্রাচীন।
- খ) কৃষি — চাষবাস।
- গ) ভয়ংকর — ভয়ানক।
- ঘ) শিকার — পশু - পাখি মারার কাজ।
- ঙ) যুদ্ধ — লড়াই।

২) শূন্যস্থান পূরণ কর :

- ক) আদিম মানুষ কৃষি জানত না।
- খ) তখন মানুষের সংখ্যা ছিল কম, আর ভয়ংকর পশুর সংখ্যা ছিল বেশি।
- গ) পশু যুদ্ধ করত শিং, দাঁত ও নখ দিয়ে।
- ঘ) মানুষের ছিল অস্ত্র বানানোর বুদ্ধি।
- ঙ) আদিম মানুষ পাথর ভেঙে নানা আকারের ধারালো অস্ত্র তৈরী করল।

৩) বাক্য রচনা কর।

- ক) গাছ — গাছ থেকে আমরা অক্সিজেন পাই।
- খ) পশু — গরু একটি গৃহপালিত পশু।
- গ) সম্ভাবনা — আমাদের ক্লাবের ফুটবল টিমের ম্যাচ জেতার আর কোনো সম্ভাবনা নেই।
- ঘ) ভয়ংকর — সিংহের গর্জন ভয়ংকর।

৪) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ক) আদিম মানুষ প্রথমে কী খেয়ে জীবনধারণ করত ?
উঃ আদিম মানুষ প্রথমে গাছের ফলমূল, পশু ও পাখির মাংস খেয়ে জীবনধারণ করত।
- খ) তখনকার ভয়ংকর পশুদের হাত থেকে বাঁচবার জন্য মানুষ কি করত ?
উঃ তখনকার ভয়ংকর পশুদের হাত থেকে বাঁচবার জন্য মানুষ দল বেঁধে শিকার করত।
- গ) পশু - মানুষের যুদ্ধে কে জিতেছে ?
উঃ পশু - মানুষের যুদ্ধে মানুষই জিতেছে।
- ঘ) আদিম মানুষ কেন তীরধনুক বানিয়েছিল ?
উঃ পশুদের সাথে দূর থেকে লড়াই করার জন্য আদিম মানুষ তীরধনুক বানিয়েছিল।
- ঙ) পাথর ছাড়া আর কী কী দিয়ে আদিম মানুষ শক্ত ও ধারালো অস্ত্র বানাত ?
উঃ পাথর ছাড়া পশুদের শিং ও হাড় দিয়ে আদিম মানুষ শক্ত ও ধারালো অস্ত্র বানাত।
- চ) আদিম মানুষ গাছের ডালের সঙ্গে পাথর জুড়ে কী কী তৈরী করেছিল ?
উঃ আদিম মানুষ গাছের ডালের সঙ্গে পাথর জুড়ে হাতুড়ি ও বর্শা তৈরী করেছিল।

Rita Das